

ল্যান্ডলর্ড ও এজেন্টদের জন্য লোকাল হাউজিং এলাউন্স সংক্রান্ত নির্দেশিকা

(A guide to Local Housing Allowance for landlords and agents)

এই লিফলেটে হাউজিং ভাতা (বেনিফিট) হিসাব করার নতুন পদ্ধতি ব্যাখ্যা করা হয়েছে। এই নতুন পদ্ধতির নাম লোকাল (স্থানীয়) হাউজিং এলাউন্স। এটা ৭ এপ্রিল ২০০৮ থেকে কার্যকর হবে এবং যে এলাকায়ই আপনি বাস করেন, তা এক সমান হবে। আপনার এলাকা কোন কাউন্সিলের আওতায় পড়েছে তা জানা না থাকলে আপনার কাউন্সিল ট্যাক্স বিলে তা পাবেন।

হাউজিং বেনিফিট কি?

হাউজিং বেনিফিট হচ্ছে কম আয় ও কম সঞ্চয় যুক্ত মানুষদের ঘরভাড়া (রেন্ট) পরিশোধের জন্য প্রদত্ত সহায়তা। এটা তাঁদের আয়, সঞ্চয় ও ঘরে বসবাসকারী মানুষের সংখ্যার ভিত্তিতে হিসাব করা হয়। এই হিসাবের মধ্যে তাদের প্রাপ্য সহায়তার একটা সর্বোচ্চ সীমা আছে।

লোকাল হাউজিং এলাউন্স কি?

লোকাল হাউজিং এলাউন্স (এলএইচএ) হচ্ছে আপনার টেন্যান্টদের প্রাপ্য সর্বোচ্চ হাউজিং বেনিফিট হিসাব করার নতুন পদ্ধতি। নতুন বিধি যাঁদের উপর প্রযোজ্য তাঁদের বেনিফিট রেন্ট অফিসার দ্বারা ধার্যকৃত বেনিফিটের পরিমাণের পরিবর্তে এই পদ্ধতিতে হিসাব করা হবে।

রেন্ট সার্ভিস সব সাইজের সম্পত্তির সর্বোচ্চ রেন্ট-এর পরিমাণ প্রকাশ করবে, যা প্রত্যেক কাউন্সিলের ওয়েবসাইটে দেয়া হবে। যদিও আপনার টেন্যান্টের বেনিফিট তাঁদের আয়, সঞ্চয় ও বাড়ীতে বসবাসকারীদের সংখ্যাকে বিবেচনায় নিয়ে নির্ধারণ করা হবে, তথাপি তা সর্বোচ্চ পরিমাণ রেন্ট এর চেয়ে বেশী হবে না।

এলএইচএ রুলস এর অধীনে, নির্দিষ্ট কিছু পরিস্থিতি ব্যতিত, আপনার টেন্যান্টরা হাউজিং বেনিফিট এর অর্থ সরাসরি পাবেন। এবিষয়ে আরও তথ্যের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন।

এলএইচএ কিভাবে প্রযোজ্য হবে?

প্রাইভেট ল্যান্ডলর্ড থেকে ভাড়া নেয়া টেন্যান্টদের থেকে ৭ এপ্রিল ২০০৮ তারিখে বা এর পরে আমাদের কাছে প্রাপ্ত নতুন দাবীগুলোর ক্ষেত্রে এলএইচএ প্রযোজ্য হবে। এছাড়াও এটা ইতিমধ্যে যাঁরা হাউজিং বেনিফিট পাচ্ছেন এবং যাঁরা ৭ এপ্রিল ২০০৮ তারিখে বা পরে প্রাইভেট ল্যান্ডলর্ড থেকে ভাড়া নেয়া বাসস্থানে স্থানান্তর করেছেন তাদের উপরও এটা প্রযোজ্য হবে।

লোকাল হাউজিং এলাউন্স যাদের ক্ষেত্রে প্রযোজ্য হবে নাঃ

- লোকাল অথরিটি ল্যান্ডলর্ডদের টেন্যান্ট ('কাউন্সিল টেন্যান্ট')
- রেজিস্টার্ড সামাজিক ল্যান্ডলর্ডদের টেন্যান্ট;
- কিছু সহায়তা প্রাপ্ত হাউজিং;
- ১৫ জানুয়ারী ১৯৮৯ (স্কটল্যান্ডে ২ জানুয়ারী ১৯৮৯) তারিখের আগে যেসব ভাড়া বন্দোবস্ত শুরু হয়েছে;
- ক্যারাভান, হাউসবোট বা হোষ্টেলে বসবাসকারী টেন্যান্ট; অথবা
- যেসব ভাড়া বন্দোবস্তিতে রেন্ট অফিসারের বিবেচনায় ভাড়ার এক বিরাট অংশই টেন্যান্টদের জন্য রান্না করা খাবারের জন্য ব্যয়িত হয়।

এসব গ্রুপের হাউজিং বেনিফিট প্রচলিত পদ্ধতিতেই নির্ধারণ করার ব্যবস্থা চলমান থাকবে।

আমার টেন্যান্ট ইতিমধ্যে হাউজিং বেনিফিট পাচ্ছেন। এটা কি পরিবর্তন হবে?

না, পরিবর্তনের ফলে তাঁদের ক্ষতি হবে না। বিদ্যমান বিধিবিধানে তাঁদের হাউজিং বেনিফিট চলমান থাকবে এবং আপনার টেন্যান্ট যদি চান, তাহলে আপনি ল্যান্ডলর্ড হিসাবে আপনার পাওনা পেতে থাকবেন।

আপনার টেন্যান্ট ঠিকানা বদল করলে (এটা যদি একই বিল্ডিং-এ অন্য যায়গায়ও হয়ে থাকে), বা এক সপ্তাহ বা তার বেশী সময় হাউজিং বেনিফিট না উঠালে, নতুন এলএইচএ বিধিমালা প্রযোজ্য হবে।

এলএইচএ কিভাবে কার্যকর হবে?

রেন্ট অফিসার আগেই ঠিক করবেন আপনার টেনান্ট সর্বোচ্চ কত পরিমাণ হাউজিং বেনিফিট পেতে পারেন। এটা আপনি কত রেন্ট দাবী করেন তার উপর নির্ভর করবে না। যে এলাকায় তাঁরা বাস করেন সেখানকার বিভিন্ন বাসস্থানের প্রকৃত প্রদত্ত রেন্ট এর ব্যবধান যাই হোক না কেন, একই সাইজের বাসস্থানের জন্য সর্বোচ্চ প্রাপ্য রেন্ট এক সমান হবে।

বৃহত্তর বাসা ভাড়ার বাজার অঞ্চল (রেন্টাল মার্কেট এরিয়া)

রেন্ট সার্ভিস পুরো দেশকে বৃহত্তর বাসা ভাড়ার বাজার অঞ্চলে (বি আর এম এ) ভাগ করেছে। এগুলো কয়েকটি পাড়া নিয়ে গঠিত। প্রতি অঞ্চলে বিভিন্ন জনসেবামূলক সুবিধাদি যেমন স্বাস্থ্য, শিক্ষা, বিশ্রাম ও বিনোদন, ব্যক্তিগত ব্যাংকিং ও শপিং এর সুবিধাজনক দূরত্বের মধ্যে বহু ধরনের ঘরবাড়ী থাকবে।

সংগৃহীত তথ্যের মধ্যে প্রতি অঞ্চলে দাবীকৃত ভাড়াসমূহের মধ্যবর্তী যে ভাড়ার অঙ্ক, সেটাকেই স্থানীয় হাউজিং এলাউন্স রেট হিসাবে গণ্য করা হবে। প্রতিটি অঞ্চলে প্রত্যেক পরিবারের কক্ষের প্রয়োজনীয় সংখ্যা অনুযায়ী বিভিন্ন রেট হবে।

রেন্ট সার্ভিস চলমানভাবে স্থানীয় বাসা ভাড়ার বাজার সম্পর্কে খোঁজ খবর নেবে এবং প্রতিটি বিআরএমএ-র স্থানীয় হাউজিং ভাতার পরিমাণ প্রতিমাসে হালনাগাদ করবে। এই পরিমাণ বাড়তে পারে বা কমতে পারে অথবা একই থাকতে পারে। এর অর্থ এই নয় যে ভাড়ার দাবীর সাথে সম্পর্কিত এলএইচএ রেট প্রতি মাসে পরিবর্তিত হবে। যে মাসে দাবী পেশ করা হবে ঐ মাসের জন্য একটা হার ঠিক করে দেয়া হবে, এবং এটা প্রতি বছর পর্যালোচনা করা হবে। স্থানীয় কাউন্সিলের হাউজিং বেনিফিট অফিস এইসব সংখ্যাগুলো সাধারণ মানুষের জ্ঞাতার্থে প্রচার করবে।

কক্ষের সংখ্যা

হাউজিং বেনিফিট রুলস অনুযায়ী আমরা ঠিক করব টেনান্ট এর কয়টি রুম লাগবে। তারা যদি এক রুমে থাকেন ও কিছু সুবিধাদি (উদাহরণস্বরূপ কিচেন, বা বাথরুম) অন্যদের সাথে শেয়ার করে ব্যবহার করেন তাহলে একটি বিশেষ লোকাল হাউজিং রেট আছে। যদি কেউ ২৫ বছরের নীচে হন এবং নিজে আলাদাভাবে থাকেন, তাহলে তাঁরাও একই রেট পাবেন।

উপরের শর্ত যাদের প্রতি প্রযোজ্য হবে না তাঁদের কক্ষের সংখ্যা আমরা নিম্নরূপভাবে নির্ধারণ করব।

নীচের প্রত্যেকের জন্য একটি বেডরুম।

- এক জোড়া মানুষ/দম্পতি
- ১৬ বছর বা বেশী বয়সের হলে
- একই লিঙ্গের দুইটি শিশু তাদের ১৬ বছর বয়স পর্যন্ত
- ১০ বছরের কম বয়সী দুটি শিশু
- একটি শিশু (যার বয়স ১৬ এর নীচে)

প্রতি জনকে, যে গ্রুপে তাঁরা প্রথমে পড়বেন সে গ্রুপে মাত্র একবার গণনা করা হবে।

কত কক্ষ তাদের প্রয়োজন সেটা ঠিক করতে আমরা বাসার প্রত্যেককে গণনা করি না। আমরা টেনান্ট ও তাদের সঙ্গী (পার্টনার) কে গণনায় ধরি, এছাড়াও কোনও শিশু বা তরুণের দায়িত্ব পালন করে থাকলে তাদেরকেও গণনা করা হয়। টেনান্ট এর যদি অন্য কোনও প্রাপ্তবয়স্ক কেউ থাকেন যারা বাসিন্দা বা লজার নন তাঁদেরকেও আমরা হিসাবে ধরি। অবশ্য, আমরা পালক সন্তান বা যৌথ টেনান্টকে গণনায় ধরি না।

আমার টেনান্ট এর ব্যাপারে কোন রেন্ট প্রযোজ্য হবে?

যে বৃহত্তর বাসা ভাড়ার বাজার (রেন্টাল মার্কেট) অঞ্চলে টেনান্ট বাস করেন সেখানে টেনান্টের প্রয়োজনীয় কক্ষসমূহের এলএইচএ রেন্টই হবে সর্বোচ্চ হাউজিং বেনিফিট।

৬ই এপ্রিল ২০০৯ তারিখ থেকে আপনার ভাড়াটিয়ারা যে সর্বোচ্চ পরিমাণ হাউজিং বেনিফিট পেতে পারেন তা হবে পাঁচ বেডরুমের লোকাল হাউজিং এলাওয়ান্স রেইটে। তারা যদি হাউজিং বেনিফিটের জন্য নতুন আবেদন করেন বা ৬ই এপ্রিল ২০০৯ তারিখের পরে প্রাইভেট ভাড়া বাড়ীতে চলে যান, তবে তাদের আবেদন তারা যে এলাকায় বাস করেন সে এলাকার পাঁচ বেডরুমের লোকাল হাউজিং এলাওয়ান্স রেইট অনুযায়ী বিবেচনা করা হবে।

আপনার ভাড়াটিয়ারা যদি ইতিমধ্যেই স্থানীয় হাউজিং কর্তৃপক্ষের ছয় বা তার বেশী বেডরুমের রেইটে হাউজিং বেনিফিট পেয়ে থাকেন, তবে তারা তাদের কেইসটি রিভিউ (পুনর্বিবেচনা) করার আগ পর্যন্ত সে রেইট পেতে থাকবেন। আপনার ভাড়াটিয়াদের পরিস্থিতির যদি পরিবর্তন না হয়ে থাকে তবে সাধারণতঃ তাদের হাউজিং বেনিফিট দাবী করার এক বৎসর পর অথবা বিগত রিভিউর এক বৎসর পর তাদের রিভিউ হবে। রিভিউর পর আপনার ভাড়াটিয়ারা হয়তো ২৬সপ্তাহ পর্যন্ত তাদের বর্তমান লোকাল হাউজিং এলাওয়ান্স রেইটে হাউজিং বেনিফিট পেতে থাকবেন। এর পর পাঁচ বেডরুমের লোকাল হাউজিং এলাওয়ান্স রেইট অনুযায়ী বিবেচনা করে তাদের প্রাপ্য নির্ধারণ করা হবে।

রেন্ট সার্ভিস প্রতি মাসে নতুন এলএইচএ রেন্ট প্রকাশ করবে। আপনার টেনান্ট এর জন্য যে রেন্ট হবে তা নির্ভর করবে তাঁদের দাবী পেশ করার তারিখের উপর। সাধারণতঃ এটা হবে যে তারিখে আমরা দাবী ফরম পাব অথবা টেনান্ট প্রথম যে তারিখে হাউজিং বেনিফিট দাবী করার জন্য অনুরোধ পেশ করেন সেই তারিখ, অবশ্য যদি তাঁরা ঐ তারিখের একমাসের মধ্যে দাবী ফরম ফেরত প্রেরণ করেন। আমরা তাঁদের হাউজিং বেনিফিট যে তারিখে পরিশোধ করব তা যদি পরবর্তী মাসে হয় তাহলে কিছু আসবে যাবে না, সেক্ষেত্রেও তাঁদের দাবী পেশ করার দিনে যে রেন্ট ছিল তার ভিত্তিতেই তাদের বেনিফিট নির্ধারিত হবে।

টেনান্টের রেন্ট লোকাল হাউজিং এলাউন্স থেকে বেশী।

নিজ বৃহত্তর রেন্টাল মার্কেট অঞ্চলে (বি আর এম এ) দাবীর মাসে পরিবারের আকার অনুযায়ী ধার্যকৃত এলএইচএ রেন্ট-ই হচ্ছে আপনার টেনান্টের প্রাপ্য সর্বোচ্চ বেনিফিট। তাঁদের রেন্ট যদি এই পরিমাণের বেশী হয় তাহলে সম্ভাব্য ঘাটতি পূরণ করা তাঁদের অসুবিধায় আছে তাহলে তাঁদেরকে আমাদের সাথে কথা বলতে বলুন।

টেনান্টের রেন্ট লোকাল হাউজিং এলাউন্স থেকে কম।

আপনার টেনান্টের রেন্ট যদি এলএইচএ রেন্টের কম হয় তাহলে তাঁরা সর্বোচ্চ যে বেনিফিট পেতে পারেন তা হল তাঁদের রেন্ট, এবং এর সাথে সপ্তাহে ১৫ পাউন্ড ষ্টার্লিং পর্যন্ত যোগ করে যা হয়। এটাই সেই পরিমাণ, যা সরকার সর্বোচ্চ এলএইচএ হিসাবে সীমিত করে দিয়েছে। তাঁরা এলএইচএ রেন্টের চেয়ে বেশী হাউজিং বেনিফিট পাবেন না। এলএইচএ রেন্ট যদি তাঁদের রেন্ট এর চেয়ে সপ্তাহে ১৫ পাউন্ডের বেশী হয় তাঁরা শুধু রেন্টের অতিরিক্ত সপ্তাহে ১৫ পাউন্ড পাবেন। আপনাকে এই অতিরিক্ত অর্থ তাঁদেরকে দিতে হবে না।

উদাহরণ

রেন্ট = সপ্তাহে ৯০ পাউন্ড

এলএইচএ = সপ্তাহে ১২০ পাউন্ড

সর্বোচ্চ হাউজিং বেনিফিট = সপ্তাহে ১০০ পাউন্ড

উদাহরণ

রেন্ট = সপ্তাহে ৯০ পাউন্ড

এলএইচএ = সপ্তাহে ১০০ পাউন্ড

সর্বোচ্চ হাউজিং বেনিফিট = সপ্তাহে ১০০ পাউন্ড

আমি রেন্ট বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছি। আমার টেন্যান্টের হাউজিং বেনিফিটও কি তা পরিপূরণের জন্য বাড়বে?

না, আমরা আপনার টেন্যান্ট কর্তৃক দাবী করার তারিখের ভিত্তিতে প্রতিবছর তাদের এলএইচএ রেন্ট পূর্ণপর্যালোচনা করব। আমরা তখন ঐ মাসে ঐ সাইজের বাসস্থানের জন্য সঠিক রেন্ট অনুসারে এলএইচএ রেন্ট পরিবর্তন করে দেব। যদি পরিবারে বড় ধরনের পরিবর্তন হয় (উদাহরণস্বরূপ, একটা সন্তান ১৬ বছর বয়স অর্জন করল, বা নতুন কেউ থাকার জন্য চলে আসল) তাহলেই শুধু আমরা অন্য কোনও সময়ে এই রেন্ট পর্যালোচনা করব।

আমার টেন্যান্ট তাঁদের দাবীর তারিখ পিছিয়ে কার্যকর করতে অনুরোধ (ব্যাকডেটেড) করেছেন। সে ক্ষেত্রে কোন এলএইচএ রেন্ট প্রযোজ্য হবে?

এটা নির্ভর করবে তাঁরা ৭ এপ্রিল ২০০৮ এর পূর্বের কোনও তারিখে তাঁদের দাবী গণ্য করার তারিখ পিছিয়ে নির্ধারণ (ব্যাকডেটেড) করতে অনুরোধ করেছেন কি না।

আমরা যদি ৭ এপ্রিল ২০০৮ এর পূর্বের তারিখে তাঁদের দাবী ব্যাকডেটেড করে দেবার সিদ্ধান্ত নিয়ে থাকি তাহলে আমরা তাঁদের দাবীর তারিখকে লোকাল হাউজিং এলাউন্স কার্যকর হবার পূর্বকার হিসাবে শ্রেণীবদ্ধ করব। ফলে, তাঁদের সর্বোচ্চ হাউজিং বেনিফিট নির্ভর করবে রেন্ট অফিসারের সিদ্ধান্তের উপর। ঐ দাবী, এলএইচএ-তে রূপান্তরিত হবে শুধুমাত্র তাঁরা বাসস্থান থেকে চলে গেলে অথবা দাবী করা বন্ধ করে আবার শুরু করলে।

যদি আপনার টেন্যান্ট ৭ এপ্রিল ২০০৮ এর পরবর্তী কোনও তারিখে তাঁদের দাবী ব্যাকডেটেড করার অনুরোধ করেন তাহলে তাঁদের এলএইচএ রেন্ট তাঁদের দাবী শুরুর মাসের এলএইচএ রেন্টের ভিত্তিতে নির্ধারিত হবে। এটা যে মাসে তাঁরা প্রকৃতভাবে দাবী কার্যকর করবেন, সে মাসের অঙ্কের চেয়ে ভিন্ন হতে পারে। দাবী প্রকৃতভাবে শুরু হবার তারিখের বর্ষপূর্তির দিনে আমরা এলএইচএ রেন্ট পূর্ণপর্যালোচনা করব।

আমি সব সময় আমার টেন্যান্টের হাউজিং বেনিফিট সরাসরি আমার নিকট পরিশোধের ব্যবস্থা করি। নতুন বিধিবিধানের আওতায় তা পরিবর্তিত হবে কি?

হ্যাঁ। নতুন বিধিমালার আওতায় অন্যতম পরিবর্তন হচ্ছে হাউজিং বেনিফিট প্রায় সবক্ষেত্রেই দাবী পেশকারী ব্যক্তির নিকট পরিশোধ করতে হবে। তাঁদের দায়িত্ব হবে সঠিক সময়ে সঠিক পরিমাণ অর্থ আপনাকে পরিশোধ করা। আমরা আমাদের কাস্টমারদেরকে কিভাবে ব্যাংক একাউন্ট খুলতে হয় এবং তাঁদের জন্য উপযুক্ত কিছু একাউন্ট এর বিস্তারিত তথ্য সরবরাহ করব। আপনার রেন্ট স্বাভাবিক অবস্থায় কি পদ্ধতিতে আদায় করবেন এবং কোনও ধরনের স্বয়ংক্রিয় সিস্টেমে (উদাহরণ স্বরূপ, স্ট্যান্ডিং অর্ডার) তা স্থানান্তর করতে চাইতে পারেন, যদি ইতিমধ্যে তা না করে থাকেন।

খুব কম ক্ষেত্রেই আমরা হাউজিং বেনিফিট আপনাকে পরিশোধ করব। সেটা আমরা করব শুধুমাত্র যদি আমরা মনে করি আপনার টেন্যান্টের রেন্ট পরিশোধ ও নিজ আর্থিক বিষয়াদি ব্যবস্থাপনা করতে গুরুতর সমস্যা হবে। যদি মনে করেন আপনার কোনও টেন্যান্টের এধরনের অবস্থা হতে পারে তাহলে আমাদের সাথে যোগাযোগ করা উচিত। হয়ত আমরা আপনাকে একটা ফর্ম পূরণ করতে বলব। আমাদের নীতি অনুযায়ী প্রতিটি কেসে স্বতন্ত্রভাবে আমরা একটা সিদ্ধান্ত নেব। আরও তথ্যের জন্য আপনার টেন্যান্টকে আমাদের সাথে অথবা কোনও সিটিজেন্স এডভাইস ব্যুরোর সাথে যোগাযোগ করতে বলুন।

টেন্যান্ট এর কাছে আমার রেন্ট পাওনা। এ সত্ত্বেও কি বেনিফিট সরাসরি তাঁদের নিকট পরিশোধ করতে হবে?

রেন্ট পরিশোধে আপনার টেন্যান্ট যদি অন্ততঃপক্ষে ৮ সপ্তাহ পিছিয়ে থাকেন তাহলে আপনার উচিত হবে আমাদের সাথে কথা বলা। এই যদি পরিস্থিতি হয় তাহলে আমরা আপনার কাছে সরাসরি অর্থ পরিশোধের ব্যবস্থা করতে পারব।

আমার টেনান্ট হাউজিং বেনিফিট দাবী করার আগে কি করে বুঝব এলএইচএ কত হবে?

বাড়ীগুলো যে বৃহত্তর বাসা ভাড়ার মার্কেট অঞ্চলে অবস্থিত সেখানকার এলএইচএ রেন্ট আপনাকে খুঁজে বের করতে হবে। এই তথ্য আপনি আমাদের অফিস ও আমাদের ওয়েবসাইটে পাবেন।

যাই হোক, আপনার টেনান্টের হাউজিং বেনিফিটের প্রকৃত হার তাঁদের পরিবারের আকারের উপর নির্ভর করবে। তাঁদের প্রয়োজনীয় কক্ষের সংখ্যা আবশ্যিকভাবে ঐ সম্পত্তিতে প্রকৃত কক্ষের সংখ্যার সমান নাও হতে পারে।

আমার টেনান্টের হাউজিং বেনিফিট সবসময় কি পুরো এলএইচএ রেন্ট হবে?

না, টেনান্টের আয় ও সঞ্চয়ের ভিত্তিতে যেভাবে আমরা হাউজিং বেনিফিট নির্ধারণ করি তার পরিবর্তন হচ্ছে না। তাঁদের প্রাপ্য সর্বোচ্চ হাউজিং বেনিফিট নির্ধারণ করতে আমরা এলএইচএ বিধিমালা ব্যবহার করব। অবশ্য, তাঁরা তাঁদের আয় ও সঞ্চয়ের পরিমাণের ভিত্তিতে এই অঙ্কের মাত্র আংশিক পাবেন। কিভাবে আমরা তা নির্ধারণ করি সে সম্পর্কে আরও জানার জন্য 'হেল্প উইথ রেন্ট এন্ড কাউন্সিল ট্যাক্স ফর পিপল অফ ওয়ার্কিং এইজ (কর্মক্ষম বয়সের লোকদের জন্য ভাড়া ও কাউন্সিল ট্যাক্স এর ব্যাপারে সাহায্য)' নামক লিফলেট দেখুন।

আমার টেনান্ট আমাকে বলেছেন তাঁদের পরিবারের আকার পরিবর্তিত হয়েছে। এতে কি তাঁদের বেনিফিট হিসাব করতে ব্যবহৃত এলএইচএ রেন্ট পরিবর্তিত হবে?

হ্যাঁ। এটা একটা তাৎপর্যপূর্ণ পরিবর্তন এবং আমরা তাঁদের পরিবারের নতুন সাইজের জন্য সঠিক এলএইচএ রেন্ট ব্যবহার করে তাঁদের হাউজিং বেনিফিট নির্ধারণ করব।

কোনও পরিবার সদস্যের জন্মদিন এলএইচএ রেন্টকে পরিবর্তন করলে (উদাহরণস্বরূপ, যখন কোনও শিশু ১৬ বছরে উপনীত হবে) আমরা বেনিফিটও পরিবর্তন করব।

পরিবারে নতুন কেউ যোগ হলে বা পরিবার থেকে চলে গেলে আপনি বা আপনার টেনান্টকে অবশ্যই আমাদেরকে তা জানাতে হবে।

আমি আমার বাসার জন্য প্রযোজ্য হাউজিং এলাউন্স রেন্টের ব্যাপারে একমত নই। আমি বা আমার টেনান্ট কি আপীল করতে পারব?

না, এলএইচএ রেন্টের বিরুদ্ধে আপীল করা সম্ভব নয়। কারণ এটা পুরো বিআরএমএ-র জন্য নির্ধারিত এবং এর কোনও পরিবর্তন এই রেন্ট নিয়ে যাঁরা সম্বন্ধ তাঁদেরকে প্রভাবিত করবে।

কোথায় আমি আরও পরামর্শ পাব?

আরও পরামর্শ চাইলে, আপনার লোকাল কাউন্সিলে যোগাযোগ করুন। (কাউন্সিল ট্যাক্স বিলে আপনার লোকাল কাউন্সিলের নাম পাবেন)।

নিচের ওয়েবসাইটগুলো থেকেও আরও সহায়তা পাবেন।

www.dwp.gov.uk - ডিপার্টমেন্ট ফর ওয়ার্ক এন্ড পেনশন্স

www.therentservice.gov.uk - রেন্ট সার্ভিস

www.adviceguide.org.uk - সিটিজেন্স এডভাইস

স্বাধীন পরামর্শ

স্বাধীন পরামর্শ চাইলে আপনার স্থানীয় সিটিজেন্স এডভাইস ব্যুরোতে যোগাযোগ করুন। তাদের কোন নাম্বার (এবং অন্যান্য এডভাইস এজেন্সীর নাম্বার) ফোন বুকে এবং আপনার স্থানীয় লাইব্রেরীতে অথবা আপনার লোকাল কাউন্সিলে যোগাযোগ করে নিতে পারেন।

অন্যান্য ফরম্যাটে

এই বুকলেটের তথ্যাদি বড় প্রিন্টে, ব্রেইল, অডিও সংস্করণ ও অন্যান্য ভাষায় পাবেন। আরও তথ্যের জন্য আমাদের ওয়েবসাইটে www.benefit-leaflets.org ভিজিট করুন।